

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ১৯, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড
[মূল্য সংযোজন কর]

আদেশ

তারিখ : ২৫ চৈত্র, ১৪২১ বঙ্গাব্দ/০৮ এপ্রিল, ২০১৫ খ্রিস্টাব্দ

নং-০৩/মূসক/২০১৫—যেহেতু বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক জীবন সংগ্রামের উপর ৩০ মিনিট দৈর্ঘ্যের ডিজিটাল ফিল্ম নির্মাণের জন্য Goto. Inc. Japan নামীয় একটি জাপানি প্রতিষ্ঠানকে দায়িত্ব দেয়া হইয়াছে এবং নির্মিত ছবিটির বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর পর্যবেক্ষণের আলোকে ছবিটির রি-ডুইং এর প্রয়োজন; এবং

যেহেতু উক্ত রি-ডুইং কাজের বিপরীতে অর্থবিভাগ হইতে সর্বমোট ৪,৯২,৬০,০০০.০০ (চার কোটি বিরানব্বই লক্ষ ষাট হাজার) টাকা বরাদ্দ দেয়া হইয়াছে ও উক্ত সম্পূর্ণ অর্থই উল্লিখিত জাপানি নির্মাণ প্রতিষ্ঠানকে প্রদান করিতে হইবে এবং সংশ্লিষ্ট বিলের বিপরীতে পরিশোধযোগ্য মূল্য সংযোজন কর (মূসক) পরিশোধের জন্য কোন অতিরিক্ত অর্থ বরাদ্দ করা হয়নি; এবং

যেহেতু উক্ত ছবিটি প্রদর্শনের ফলে ভবিষ্যৎ প্রজন্মসহ অন্যান্য দেশী-বিদেশী দর্শনার্থীগণ বঙ্গবন্ধুর সংগ্রামী জীবন সম্পর্কে জ্ঞান লাভ করিতে পারিবেন; এবং

যেহেতু উক্ত ডিজিটাল ফিল্মটি গবেষণাধর্মী দৃষ্টিকোন থেকে একটি মূল্যবান দলিল হিসেবে ব্যবহৃত হইবে;

(২৭৫৫)

মূল্য : টাকা ৪.০০

সেহেতু জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থের গুরুত্ব বিবেচনায় মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৪ (১ক) এ প্রদত্ত ক্ষমতাবলে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক জীবন সংগ্রামের উপর নির্মিত ৩০ মিনিট দৈর্ঘ্যের ডিজিটাল ফিল্মের রি-ডুইং এর মূল্য পরিশোধের ক্ষেত্রে প্রযোজ্য সমূদয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোহাম্মদ ফাইজুর রহমান

প্রথম সচিব (মূসক-অব্যাহতি)।